

# ১ বছরের মধ্যে ফাজিল ও কামিল সেশনজট মুক্ত হবে : ইআবি উপাচার্য

ইসলামী বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

১৮ মে, ২০২৫ ২০:৫১

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কঠ

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শামছুল আলম বলেছেন, আরবি বিশ্ববিদ্যালয় বর্তমানে সেশনজট কাটিয়ে উঠেছে। আগামী ১ বছরের মধ্যে ফাজিল ও কামিলে আর কোনো সেশনজট থাকবে না। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় হবে সেশনজট মুক্ত।

রবিবার (১৮ মে) দুপুরে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্নারে বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

উপাচার্য ড. মো. শামছুল আলম বলেন, আমরা আরবি বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে কাজ করছি। মাদরাসা শিক্ষার সংক্ষার করতে হবে। আমরা মাদরাসার কারিকুলামে হাত দিচ্ছি। কারিকুলাম এমনভাবে তৈরি হবে, যেন একজন শিক্ষার্থী মাদরাসা থেকে ভালো আলেম হওয়ার পাশাপাশি আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে পারেন।

এ সময় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউট অব ইসলামিক এডুকেশন অ্যান্ড রিসার্চের (আইআইইআর) ভারপ্রাণ পরিচালক অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, ইবি

প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আজাহারুল ইসলাম ও ইবি সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক রাকিব রিফাতসহ  
ক্যাম্পাসে কর্মরত গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।